মহম্মদ (৩৩)। তাঁর বাড়ি ওই এলাকাতেই। তাঁকে খুন করার অভিযোগে তিন জন গ্রেফতার হয়। ধৃতদের মঙ্গলবার উলুবেড়িয়া মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাদের ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

ধর্ষণে অন্তঃসত্ত্বা কিশোরী, ধৃত প্রৌঢ়

নিজস্ব প্রতিবেদন

কোথাও কিশোরীকে ভয় দেখিয়ে মাসের পর মাস ধর্ষণের অভিযোগ। কোথাও অভিযোগ বাড়িতে শুশ্রূষায় আসা মহিলা ফিজ়িয়োথেরাপিস্টকে ধর্ষণের চেষ্টার। আবার কোথাও নাবালিকাকে ট্রাকে তুলে অপহরণের নালিশ। আন্তর্জাতিক নারী দিবসের পরপরই তিন ঘটনায় মেয়েদের নিরাপত্তা কতটা সুনিশ্চিত তা নিয়ে প্রশ্ন উঠে গেল।

জলপাইগুড়ির কামাখ্যাগুড়িতে নবম শ্রেণির এক কিশোরীকে দিনের পর দিন ধর্ষণের অভিযোগ উঠেছে স্থানীয় এক প্রৌঢ়ের বিরুদ্ধে। পুলিশ সূত্রের খবর, ধর্ষণের ফলে সম্প্রতি অন্তঃসত্ত্বা হয়ে পড়ে ওই কিশোরী। অভিযোগ পেয়ে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, ১৪ বছরের ওই কিশোরীকে পেশায় মিস্ত্রি স্থানীয় এক প্রৌঢ় ভয় দেখিয়ে একাধিকবার ধর্ষণ করে। চার মাস আগে মেয়েটি অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। অভিযোগের ভিত্তিতে সোমবার রাতে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে।

ওই জেলারই ময়নাগুড়িতে ফিজ়িয়োথেরাপিস্ট এক মহিলাকে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠল প্রবীণ এক ব্যক্তির বিরুদ্ধে। ময়নাগুড়ির এই ঘটনায় অভিযুক্তের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছেন ওই মহিলা। অভিযুক্ত পলাতক বলে পুলিশ জানিয়েছে। স্থানীয় সূত্রের খবর, অভিযুক্ত ব্যক্তি স্থানীয় তৃণমূল নেতৃত্বের ঘনিষ্ঠ বলে পরিচিত। ময়নাগুড়িতে আক্রান্ত ও নিহত তৃণমূল নেতা ভোম্বল ঘোষের চিকিৎসা বাবদ খরচের একটা অংশ তিনি জুগিয়েছিলেন বলে খবর। পুলিশে ওই মহিলার অভিযোগ, তিনি গত ন'দিন ধরে এক বৃদ্ধাকে ফিজ়িওথেরাপি করাতে যাচ্ছেন। অভিযোগ, সোমবার সন্ধেয় ফিজ়িয়োথেরাপি করানোর সময় বৃদ্ধার ছেলে ঘরে ঢুকে তাঁকে ধর্ষণের চেষ্টা করে। কোনও ভাবে তিনি পালিয়ে আসেন বলে দাবি অভিযোগকারিণীর। পুলিশে অভিযোগ দায়ের করা হয়েছে।

অপহরণের ঘটনাটি কোচবিহারের। সোমবার রাতে মেখলিগঞ্জের রানিরহাট এলাকা থেকে এক নাবালিকাকে ট্রাকে তুলে নিয়ে যায় এক চালক। নাবালিকার বাবা জানান, রাতে ডিম কিনতে তাঁর মেয়ে বাড়ির কাছে একটি দোকানে গিয়েছিল। ফেরার পথে

মধ্যশিক্ষা পর্ষদের নতুন নিয়ম অনুযায়ী ... মিলছে না।" সব মিলিয়ে একটি খাতা দেওয়া হয়েছে। অন্য কোনও বিষয় নিয়ে আলোচনাই করেনি পর্ষদ।"

মারধর-ছেঁকা, ডাইন অপবাদে নিগ্রহ

নিজস্ব সংবাদদাতা

সাঁকরাইল: ডাইনি অপবাদে প্রথমে মারধর, তার পরে লোহা গরম করে সারা শরীরে ছেঁকা দিয়ে নিগ্রহ। রবিবার, আন্তর্জাতিক নারী দিবসের সন্ধ্যাতেই নির্যাতিত হলেন বিধবা এক শবর প্রৌঢ়া। ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল থানার খুদমরাই পঞ্চায়েতের ভালকিশোলে। সারা শরীরে পোড়া দাগ নিয়ে ভাঙাগড় গ্রামীণ হাসপাতালে ভর্তি বছর ছাপ্পান্নর ওই মহিলা।

ঘটনায় গ্রামের তিন মাতব্বরকে গ্রেফতার করে পুলিশ। ধৃতদের মঙ্গলবার ঝাড়গ্রাম আদালতে হাজির করা হলে তিন জনেরই তিন দিন পুলিশ হেফাজতের নির্দেশ হয়। ঘটনায় শুরু হয়েছে তৃণমূল-বিজেপি চাপানউতোরও। ধৃত ও অভিযুক্তেরা বিজেপি কর্মী বলেই পরিচিত।

ভালকিশোলের শবরপাড়ায় থাকেন ওই মহিলা। দিনমজুরি করেন। ছেলে দিনমজুরি করেন। কয়েক দিন আগে লাগোয়া বাগমারি গ্রামের আদিবাসী পাড়ার এক শিশু তাঁর উঠোনে খেলার সময়ে দাঁতকপাটি লেগে অসুস্থ হয়ে পড়ে। এর পরেই



■ হাতে ছেঁকার ক্ষত নিয়ে প্রৌঢ়া। *নিজস্ব চিত্র*

গ্রামের মাতব্বর রবীন্দ্র হাঁসদার উদ্যোগে জানগুরুর নিদান নিয়ে মহিলাকে ডাইনি সাব্যস্ত করা হয়। রবিবার সন্ধ্যায় রবীন্দ্রর নেতৃত্বে কয়েক জন তাঁকে মারধর করে বাড়ি থেকে তুলে নিয়ে যায় বলে অভিযোগ। পরে রবীন্দ্রর বাড়ির উঠোনেই সালিশিসভা বসিয়ে তাঁকে বেধড়ক মারধর করা হয়।

প্রৌঢ়ার অভিযোগ, রবীন্দ্র হাঁসদা, তাঁর স্ত্রী দুলালি এবং শাশুড়ি ছাড়াও গ্রামবাসী সুধীর হেমব্রম, ভীম সরেন, ভীমের ছেলে তরুণ তাঁকে চুলের মুঠি ধরে মারধর করে। লোহার শলা গরম করে শরীরের বিভিন্ন জায়গায় ছেঁকাও দেওয়া হয়। প্রৌঢ়া জানান, তাঁকে পুড়িয়ে মারার নিদান দেওয়া হয়েছিল। গ্রামবাসীর একাংশের তৎপরতায় তিনি রেহাই পান। সোমবার লিখিত অভিযোগ করেন তাঁর ছেলে। সোমবার দুপুরে সুধীর, ভীম ও তরুণকে গ্রেফতার করা হয়। রবীন্দ্র সপরিবার পলাতক।

খুদমরাই পঞ্চায়েতটি বিজেপির দখলে। রবীন্দ্রও সক্রিয় বিজেপি কর্মী। সাঁকরাইল ব্লক যুব তৃণমূলের কার্যকরী সভাপতি শান্তনু ঘোষ বলেন, "বিজেপি সারা দেশে অবিজ্ঞান-অন্ধবিশ্বাস ছড়াতে চাইছে। ভালকিশোলের ঘটনাও তার প্রমাণ।" ভালকিশোলে পঞ্চায়েত সদস্য তথা বিজেপি-র উপপ্রধান দয়ানিধি মাহাতো অবশ্য বলছেন, "আদিবাসী সমাজের কুসংস্কার থেকে এমন নিন্দনীয় ঘটনা ঘটেছে। অভিযুক্তরা বিজেপির কেউ নন।" সাঁকরাইলের বিডিও মিঠুন মজুমদার জানান, ওই গ্রামে সচেতনতা কর্মসূচি হবে। নির্যাতিতার পরিবারকে প্রশাসনের তরফে সাহায্যও করা হবে।

1491/CR/2020

51/WBHRC/Suo/2020.

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. /25/ /2020

Date: 11. 03. 2020

Enclosed is the news clippings appeared in the " Ananda Bazar Patrika", a Bengali daily dated 11.03.2020, the news item is captioned ' মারধর-ছেঁকা, ডাইন অপবাদে নিগ্রহ '.

Superintendent of Police, Jhargram Police District is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 15th April, 2020.

(Justice Girish Chandra Gupta)
Chairperson

(Naparajit Mukherjee)
Member

11/03/2020

Asstt. Secy.(L & R Wing) / S.O.
is to take immediate action

11.03.20.

Encl: News Item Dt. 11.03.2020

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

SDB